গাও বীণা — বীণা, গাও রে ।
অমৃতমধুর তাঁর প্রেমগান মানব-সবে শুনাও রে ।
মধুর তানে নীরস প্রাণে মধুর প্রেম জাগাও রে ॥
ব্যথা দিয়ো না কাহারে, ব্যথিতের তরে পাষাণ প্রাণ কাঁদাও রে ॥
নিরাশেরে কহো আশার কাহিনী, প্রাণে নব বল দাও রে ।
আনন্দময়ের আনন্দ-আলয় নব নব তানে ছাও রে ।
পড়ে থাকো সদা বিভুর চরণে,   আপনারে ভুলে যাও রে ॥

---

Parjaay: Puja, Taal: Ektaal, Raag: Mishra Touri

Visit www.geetabitan.com for notation and other detail